



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
গলাচিপা, পটুয়াখালী।
dss.galachipa.patuaekhali.gov.bd

স্মারক নং- ৪১.০১.৭৮৫৭.০০০.১৬.০০১.২৫-১৮৮

তারিখঃ ২৯ আশ্বিন ১৪৩২ বাংলা
১৪ অক্টোবর ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি, বেদে ও অনগ্রসর ভাতা ও শিক্ষা উপবৃত্তি পেতে আগ্রহীদের অনলাইনে আবেদন গ্রহণ।

সূত্রঃ ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৯৪৪; তারিখঃ ১২ অক্টোবর ২০২৫খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন সরকারের সামাজিক নিরাপত্তার বিভিন্ন ভাতা যেমন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি, বেদে ও অনগ্রসর ভাতা ও শিক্ষা উপবৃত্তি পেতে আগ্রহীদের অনলাইনে আবেদন গ্রহণ শুরু হয়েছে। আগামী ০৬ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত ইউনিয়ন ডিজিটাল সেন্টার অথবা ইন্টারনেট সংযোগ আছে এমন যে কোনো কম্পিউটার/মোবাইল ফোন হতে **dss.bhata.gov.bd/online-Application** লিংকে গিয়ে অনলাইনে আবেদন করা যাবে। অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম ব্যবহার করে খোলা (বিকাশ, নগদ, রকেট অথবা যে কোন তফসিলভুক্ত মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস/ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। প্রতিবন্ধী ভাতার আবেদনের ক্ষেত্রে অবশ্যই সূবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৫খ্রিঃ তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। উল্লেখ্য, পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকা যদি থাকে) পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।

এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান/প্রশাসক মহোদয়কে বহুল প্রচার প্রচারণার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে নিজ নিজ ইউনিয়নের আগ্রহীদেরকে আবেদনে উদ্বুদ্ধ করতে অনুরোধ করা হলো।

আবেদনের লিংকঃ **dss.bhata.gov.bd/online-Application**

সর্বশেষ তারিখঃ ০৬ নভেম্বর ২০২৫খ্রিঃ

মুঃ অলিউল ইসলাম
উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:)
গলাচিপা, পটুয়াখালী।

চেয়ারম্যান/প্রশাসক

..... ইউনিয়ন পরিষদ (সকল)

গলাচিপা, পটুয়াখালী।

অনুলিপি, জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রশাসক, উপজেলা পরিষদ, গলাচিপা, পটুয়াখালী।
২. প্রশাসক, গলাচিপা পৌরসভা, গলাচিপা, পটুয়াখালী।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পটুয়াখালী।
৪. উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী।
৫. ফিল্ড সুপারভাইজার/ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, গলাচিপা, পটুয়াখালী।
৬. অফিস কপি।

